

আইএম জাপানের প্রতিনিধিদের উদ্দেশ্যে

## বাংলাদেশের যুব সমাজের প্রতি আস্থা রাখুন

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান প্রতিমন্ত্রী ইমরান আহমদ, এমপি

ঢাকা-২৪ ফেব্রুয়ারি

আজ বেলা ০২.৩০টায় প্রবাসী কল্যাণ ভবনের ব্রিফিং সেন্টারে শূন্য অভিবাসন ব্যয়ে প্রেরিতব্য ৩য় ব্যাচের টেকনিক্যাল ইন্টার্নদের জাপান গমন উপলক্ষে জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো আয়োজিত সভায় প্রধান অতিথির বক্তৃতায় প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান প্রতিমন্ত্রী ইমরান আহমদ এমপি আইএম জাপানের প্রতিনিধিদের উদ্দেশ্যে বলেন, বাংলাদেশের যুব সমাজের প্রতি আস্থা রাখুন। জাপান বাংলাদেশের অকৃত্রিম বন্ধু উল্লেখ করে তিনি বলেন, জাপানে বাংলাদেশের শ্রম বাজার শীঘ্রই সম্প্রসারণের উদ্যোগ নেওয়া হবে।

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের ভারপ্রাপ্ত সচিব রৌনক জাহান বলেন, কাজকে ভালবেসে সেদেশের কৃষ্টি কালচার ও পরিবেশের সাথে মানিয়ে নিয়ে জাপানে বাংলাদেশের শ্রমবাজার সম্প্রসারণে ভূমিকা রাখতে হবে।

আইএম জাপানের সিইও কিয়োই ইয়ানগিসাওয়া বলেন, বিনা পয়সায় জাপানে গমনের সুযোগ দেওয়ার অন্যতম কারণ হল- দক্ষতা অর্জন ও অভিজ্ঞতা অর্জনের মাধ্যমে উদ্যোক্তা হয়ে দেশের উন্নয়নে যাতে ভূমিকা রাখতে পারে।

জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর মহাপরিচালক মোঃ সেলিম রেজার সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন মন্ত্রণালয়ের ভারপ্রাপ্ত সচিব রৌনক জাহান, আইএম জাপান এর সিইও কিয়োই ইয়ানগিসাওয়া এবং টেকনিক্যাল ইন্টার্নদের মধ্যে বক্তব্য রাখেন নাসরীন আক্তার, খুশবু আক্তার ও জিয়াউর রহমান প্রমুখ।

(মোহাম্মদ রাশেদুজ্জামান)

তথ্য ও জনসংযোগ কর্মকর্তা

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়

ফোন : ৪১০৩০৭৮১ (অফিস)

মোবাইল-০১৭১২-৩৮০৪৩৫

আইএম জাপানের প্রতিনিধিদের উদ্দেশ্যে

## বাংলাদেশের যুব সমাজের প্রতি আস্থা রাখুন

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান প্রতিমন্ত্রী ইমরান আহমদ, এমপি

ঢাকা-২৪ ফেব্রুয়ারি

আজ বেলা ০২.৩০টায় প্রবাসী কল্যাণ ভবনের ব্রিফিং সেন্টারে শূন্য অভিযান ব্যয়ে প্রেরিতব্য ৩য় ব্যাচের টেকনিক্যাল ইন্টার্নদের জাপান গমন উপলক্ষে জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো আয়োজিত সভায় প্রধান অতিথির বক্তৃতায় প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান প্রতিমন্ত্রী ইমরান আহমদ এমপি আইএম জাপানের প্রতিনিধিদের উদ্দেশ্যে বলেন, বাংলাদেশের যুব সমাজের প্রতি আস্থা রাখুন। জাপান বাংলাদেশের অকৃত্রিম বন্ধু উল্লেখ করে তিনি বলেন, জাপানে বাংলাদেশের শ্রম বাজার শীঘ্রই সম্প্রসারণের উদ্যোগ নেওয়া হবে।

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের ভারপ্রাপ্ত সচিব রৌনক জাহান বলেন, কাজকে ভালবেসে সেদেশের কৃষ্টি কালচার ও পরিবেশের সাথে মানিয়ে নিয়ে জাপানে বাংলাদেশের শ্রমবাজার সম্প্রসারণে ভূমিকা রাখতে হবে।

আইএম জাপানের সিইও কিয়োই ইয়ানগিসাওয়া বলেন, বিনা পয়সায় জাপানে গমনের সুযোগ দেওয়ার অন্যতম কারণ হল- দক্ষতা অর্জন ও অভিজ্ঞতা অর্জনের মাধ্যমে উদ্যোক্তা হয়ে দেশের উন্নয়নে যাতে ভূমিকা রাখতে পারে।

জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর মহাপরিচালক মোঃ সেলিম রেজার সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন মন্ত্রণালয়ের ভারপ্রাপ্ত সচিব রৌনক জাহান, আইএম জাপান এর সিইও কিয়োই ইয়ানগিসাওয়া এবং টেকনিক্যাল ইন্টার্নদের মধ্যে বক্তব্য রাখেন নাসরীন আক্তার, খুশবু আক্তার ও জিয়াউর রহমান প্রমুখ।

(মোহাম্মদ রাশেদুজ্জামান)

তথ্য ও জনসংযোগ কর্মকর্তা

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়

ফোন - ৪১০৩০৭৮১ (অফিস)

মোবাইল-০১৭১২-৩৮০৪৩৫